বিএভিএস
প্রশাসকের কার্যালয়
(স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ)
৭/৫/১, মেইন রোড, বড়বাগ, মিরপুর-০২, ঢাকা-১২১৬।
www.bavs.gov.bd

স্মারক নং বিএভিএস/প্রশাসন/২০২৪-২০২৫/৩৩৭

তারিখ ঃ ৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বাংলা
১৮ মে ২০২৫ খ্রিঃ

**বিষয় ঃ সিপিএফ ফান্ড থেকে ঋণ নেয়া অর্থ ফেরত দেয়া প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বিএভিএস এর কর্মকর্তা/কর্মচারীদের জন্য একটি BAVS Employees Contributory Provident Fund (CPF) আছে। বিএভিএস এর কর্মকর্তা/কর্মচারীরা CPF ফান্ডে প্রতিমাসে (অফিস কর্তৃক দেয় মূল বেতনের ৮.৩৩% ও কর্মকর্তা/কর্মচারীর মূল বেতনের ১০%) = মোট ১৮.৩৩% টাকা জমা হয়। কর্মকর্তা/কর্মচারীরা তাদের জমাকৃত টাকা থেকে CPF ফান্ড থেকে লোন নিতে পারে। বিএভিএস প্রধান কার্যালয়ের হিসাব রক্ষণ কর্মকর্তা (নিরীক্ষা) মোঃ মনির উদ্দিন গত ০৩/১০/২০২১ তারিখে CPF থেকে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা (চেক নং ৭৭১৮৫৩০, জনতা ব্যাংক লিঃ, মিরপুর-১ শাখা, ঢাকা) লোন নেন। উল্লেখ্য যে, উক্ত তারিখে আপনার CPF ফান্ডে কোন জমাকৃত টাকা ছিল না। আপনার জমাকৃত সম্পূর্ণ অর্থ পূর্বেই লোন হিসেবে উত্তোলন করেন এবং CPF ফান্ডে কোন টাকা জমা না থাকা সত্বেও আপনি ০৩/১০/২০২১ তারিখে উল্লেখিত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ঋণ হিসেবে নেন যা সম্পূর্ণভাবে নিয়ম বহির্ভূত।

এমতাবস্থায়, আপনাকে পত্র প্রাপ্তির ৭ (সাত) কর্মদিবস এর মধ্যে CPF ফান্ড থেকে ঋণ নেয়া ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা পরিশোধ করার নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, চাকুরীবিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

18-05-25

স্বপন কুমার মন্ডল
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
এবং
প্রশাসক, বিএভিএস।

মোঃ মনির উদ্দিন
হিসাব রক্ষণ কর্মকর্তা (নিরীক্ষা)
বিএভিএস প্রধান কার্যালয়।

অনুলিপিঃ জ্ঞাতার্থে/কার্যার্থেঃ (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। প্রোগ্রাম কোঅর্ডিনেটর, বিএভিএস প্রধান কার্যালয়।
২। হিসাব রক্ষণ কর্মকর্তা, বিএভিএস প্রধান কার্যালয়।
৩। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, বিএভিএস প্রধান কার্যালয়।
৪। অফিস কপি।

Office Order-1